

🔳 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১: ২৫

💵 আরবি মূল আয়াত:

إِذ دَخَلُوا عَلَيهِ فَقَالُوا سَلْمًا ؟ قَالَ سَلْمٌ قَومٌ مُّنكَرُونَ ﴿٢٥﴾

🗚 আনুবাদসমূহ:

যখন তারা তার কাছে আসল এবং বলল, 'সালাম', উত্তরে সেও বলল, 'সালাম'। এরা তো অপরিচিত লোক। — আল-বায়ান

যখন তারা তার সামনে উপস্থিত হল তখন বলল, 'সালাম'। সে উত্তর দিল- 'সালাম'। (ইবরাহীম মনে মনে ভাবল এদেরকে তো দেখছি) অপরিচিত লোক। — তাইসিরুল

যখন তারা তার নিকট উপস্থিত হয়ে বললঃ সালাম। উত্তরে সে বললঃ সালাম। এরাতো অপরিচিত লোক! — মুজিবুর রহমান

When they entered upon him and said, "[We greet you with] peace." He answered, "[And upon you] peace, [you are] a people unknown. — Sahih International

২৫. যখন তারা তার কাছে উপস্থিত হয়ে বলল, সালাম। উত্তরে তিনি বললেন, 'সালাম'। এরা তো অপরিচিত লোক।(১)

(১) عنكر শব্দের অর্থ অপরিচিত। বাক্যের অর্থ এই যে, ফেরেশতাগণ মানব আকৃতিতে আগমন করেছিল। ইবরাহীম আলাইহিস সালাম তাদেরকে চিনতে পারেননি। তাই মনে মনে বললেন, এরা তো অপরিচিত লোক। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (২৫) যখন তারা তার নিকট উপস্থিত হয়ে বলল, 'সালাম।' উত্তরে সে বলল, 'সালাম। এরা তো অপরিচিত লোক।' [1]
 - [1] এ কথাটা তিনি মনে মনে বলেছিলেন। তাঁদেরকে সম্বোধন করে (প্রকাশ্যে) বলেননি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4700





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন